# নেপালে ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৯০৩, নিখোঁজ ৪ হাজার



ছবি: সিএনএন

নেপালে গত সপ্তাহের ভয়াবহ বন্যা ও পাহাড়ি ঢলে প্রাণহানির সংখ্যা বেড়ে ৯০৩ জনে দাঁড়িয়েছে। একই সঙ্গে এখনো ৪ হাজার ২৪৭ জনের কোনো সন্ধান পাওয়া যায়নি বলে জানিয়েছে দেশটির দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ।
সোমবার (৩১ আগস্ট) প্রকাশিত সর্বশেষ হিসাব অনুযায়ী, দুর্যোগের পর উদ্ধার তৎপরতা অব্যাহত রয়েছে। এখন পর্যন্ত ১০ হাজার ৪৫১ জনকে নিরাপদে উদ্ধার করা হয়েছে।

নেপালের ন্যাশনাল ডিজাস্টার রিস্ক রিডাকশন অ্যান্ড ম্যানেজমেন্ট অথরিটি (এনডিআরআরএমএ) এসব তথ্য জানিয়েছে।

দেশটির বিভিন্ন এলাকায় ভয়াবহ বন্যা ও পাহাড়ি ঢলের পর ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। নিখোঁজদের সন্ধান এবং ক্ষতিগ্রস্ত এলাকায় উদ্ধার কার্যক্রম চালিয়ে যাচ্ছেন জরুরি উদ্ধারকর্মীরা।